



## জনগণের চাহিদা বিবেচনায় বাজেট প্রণয়ন: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

প্রস্তাবিত জাতীয় বাজেটকে ‘দলীয় বাজেট’ আখ্যা দেওয়ার সমালোচনার জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ বলেছেন, গণতান্ত্রিকভাবে গঠিত সরকারের বাজেটকে এভাবে মূল্যায়ন করা গ্রহণযোগ্য নয়।

শুক্রবার (১২ জুন) কক্সবাজারে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা, কর্মসংস্থান বৃদ্ধি এবং তরুণ উদ্যোক্তাদের সুযোগ সম্প্রসারণের বিষয়গুলো মাথায় রেখেই এবারের বাজেট প্রণয়ন করা হয়েছে।

মন্ত্রী জানান, সরকার একদিকে করের চাপ সহনীয় রাখার চেষ্টা করছে, অন্যদিকে রাজস্ব আহরণের পরিধি বাড়িয়ে উন্নয়ন কর্মকাণ্ডে নিজস্ব অর্থায়ন জোরদারের পরিকল্পনা নিয়েছে।

তিনি বলেন, দীর্ঘমেয়াদে উন্নয়নের জন্য শুধু ব্যাংক ঋণ বা বৈদেশিক সহায়তার ওপর নির্ভরশীল থাকা সমাধান নয়। এজন্য শক্তিশালী রাজস্বভিত্তি গড়ে তোলার ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে।

সালাহউদ্দিন আহমেদের মতে, আর্থিক ও ব্যাংকিং খাতের নানা চ্যালেঞ্জের মধ্যেও স্বল্প সময়ে বাজেট প্রণয়ন সরকারের একটি গুরুত্বপূর্ণ অর্জন।